ফ্রান্স–বাংলাদেশ সেন্টার

Centre éducatif et Socio-culturel Franco-Bengalais

http://kazi.nazrul.islam.free.fr ; @ : khorshedalam@hotmail.fr

কাজী নজরুল ইসলাম : জীবনপঞ্জি ।

খোরশেদ আলম পাটোয়ারী

১৮৯৯ ২৫শে মে, মঙ্গলবার, জন্ম। পশ্চিমবঙ্গ, জেলা : বর্ধমান, মহকুমা : আসানসোল, থানা : জামুরিয়া, গ্রাম : চুরুলিয়া। ডাক নাম : **দুখুমিয়া ও তারাখ্যাপা**। পিতা : কাজী ফকির আহমদ, মাতা : জাহেদা খাতুন। পিতামহ : কাজী আমিনুল্লাহ। মাতামহ : মুনশী তোফায়েল আলী।

১৯০৮ পিতার মৃত্যু। বয়স প্রায় ৬০ বছর।

১৯১০ গ্রামের মক্তব থেকে নিম্ন প্রাথমিক পরীক্ষায় পাশ। মসজিদের ইমামতি, মাজারের খাদেম।

১৯১১ 'নবীনচন্দ্র ইন্সটিটিউটে' ষষ্ঠ শ্রেণীতে পাঠ ও চাচা বজলে করিমের কাছে ফারসি ভাষা সাহিত্যের পাঠ গ্রহণ। স্থানীয় লেটো দলের জন্য বাংলা-উর্দু-ফারসি-ইংরেজি মেশানো ভাষায় **'কবিগান-পাঁচালি-প্রহসন নাটক'** ইত্যাদি রচনা।

১৯১২ আসানসোলে চা-রুটির দোকানে চাকরি।

১৯১৪ ময়মনসিংহের দরিরামপুর হাই স্কুলে ক্লাস সেভেন - দরিরামপুরে বছরখানেক ছিলেন।

১৯১৫ সিয়ারসোল হাই স্কুলে ক্লাস এইটে ভর্তি - দশম শ্রেণী পর্যন্ত পড়েন এখানে। কবিতাচর্চা।

১৯১৭ ছাত্র থাকাকালে নাম লেখালেন ৪৯ নং বাঙ্গালী পল্টনে। নৌশোরার ট্রেনিং শেষে করাচিতে গেলেন। ব্যাটালিয়ান কোয়ার্টার মাষ্টার পদে প্রমোশন।

১৯১৮ মাসিক 'সওগাত' ও ত্রৈমাসিক 'বঙ্গীয়-মুসলমান-সাহিত্য-পত্রিকা' প্রকাশিত।

১৯১৯ সাহিত্যে প্রথম প্রবেশ। করাচি থেকে গল্প পাঠালেন, **'বাউন্ডেলের আত্নকাহিনী'** 'সওগাতে' প্রকাশিত হলো জ্যৈষ্ঠ ১৩২৬ সংখ্যায়। প্রথম প্রকাশিত কবিতা **'মুক্তি'** ত্রৈমাসিক 'বঙ্গীয়-মুসলমান-সাহিত্য-পত্রিকা' শ্রাবন ১৩২৬ সংখ্যায়।

১৯২০ করাচি থেকে কলকাতায়। বাল্যবন্ধু শৈলজানন্দ মুখোপধ্যায়ের মেসে, পরে কমরেড মুজফ্‌ফর আহমদের সঙ্গে 'বঙ্গীয় মুসলমান-সাহিত্য-সমিতি'র অফিসের একটি ঘরে। শেরে বাংলা এ. কে. ফজলুল হকের অর্থানুকূল্যে নজরুল ও মুজাফ্‌ফর আহমেদের যুগ্ম-সম্পাদনায় সান্ধ্য দৈনিক 'নবযুগ'-এর আত্নপ্রকাশ। নজরুল ঐ বছরই 'নবযুগ' ছেড়ে দেন।

১৯২১ এপ্রিল মাসে আলী আকবর খানের সঙ্গে কুমিল্লা গেলেন, দৌলতপুরে আসেন, আ-আ-খানের ভাগ্নি সৈয়দা খাতুনের সঙ্গে প্রণয়। ১৮ই জুন বিবাহ। আ-আ-খানের পরিবারের সঙ্গে নজরুলের বিরোধ, এবং রাতেই দৌলতপুর ত্যাগ। ঘটনাচক্রে নভেম্বর মাসে আবার কুমিল্লায় আসেন। ভারতে প্রিন্স অব ওয়েলস্-এর আগমনে প্রতিবাদ ও হরতাল। প্রতিবাদী মিছিলে স্বরচিত গান গেয়ে নজরুলের অংশগ্রহন। ডিসেম্বর মাসের শেষে রাত জেগে **'বিদ্রোহী'** কবিতা লেখেন। প্রথম প্রবন্ধ **'তুর্কি মহিলার ঘোমটা'** 'সওগাত' প্রত্রিকার কার্তিক ১৩২৮ সংখ্যায় প্রকাশিত।

১৯২২ সাপ্তাহিক 'বিজলী' ও 'মোসলেম ভারত' প্রত্রিকায় বছরের প্রথমেই প্রাকশিত হলো 'বিদ্রোহী' কবিতা। এর পরই অ্যনান্য পত্রিকায় পুনর্মুদ্রিত হলো। বিপুল আলোড়নের সৃষ্টি করলো এই কবিতা। **'বিদ্রোহী কবি'** অভিধাটি নজরুলের নামের সঙ্গে চিরকালের জন্য যুক্ত হয়ে গেলো। প্রথম প্রকাশিত গল্পগ্রন্থ **'ব্যথার দান'**, প্রথম কবিতাগ্রন্থ **'অগ্নি-বীণা'**, প্রথম প্রবন্ধগ্রন্থ **'যুগ-বাণী'**(যুগ-বাণী বাজেয়াপ্ত হলো)। ১১ই আগষ্ট নজরুলের সম্পাদনায় অর্ধ-সাপ্তাহিক 'ধুমকেতু' আত্নপ্রকাশ করলো। ২৬শে সেপ্টেম্বর 'আনন্দময়ীর আগমনে' কবিতার জন্য 'ধুমকেতু' বাজেয়াপ্ত হলো এবং নজরুল গ্রেফতার হলেন।

১৯২৩ ৭ই জানুয়ারী রচনা করলেন **'রাজবন্দীর জবানবন্দী'**। কবি এক বছরের কারাদন্ডে দন্ডিত হলেন। কবির অনশন ধর্মঘট। রবীন্দ্রনাথ তাঁর 'বসন্ত' নাটক উৎসর্গ করলেন নজরুলকে। ডিসেম্বর মাসে নজরুল মুক্ত হলেন। কারামুক্তির পর মেদেনীপুরে সংবর্ধনা। সাহিত্য-প্রত্রিকা 'কল্লোল' প্রকাশিত নজরুল সাহিত্যপত্রের নিয়মিত লেখক।

১৯২৪ ২৫শে এপ্রিল কলকাতায় আশালতা সেনগুপ্তা-র সঙ্গে নজরুলের বিবাহ। প্রথম পুত্র আজাদ কামালের জন্ম - শৈশবেই অকালমৃত্যু। **'বিষের বাঁশী'** ও **'ভাঙার গান'** প্রকাশের পরে-পরেই সরকার কর্তৃক বাজেয়াপ্ত।

১৯২৫ **'চিত্তনামা'** প্রকাশিত। কবি-র পরিচালনায় সাপ্তাহিক 'লাঙল' প্রত্রিকার প্রকাশ, ১৬ই ডিসেম্বর।

১৯২৬ দ্বিতীয় পুত্র বুলবুল-এর জন্ম। গজল রচনার সূত্রপাত। প্রথম গজল **'বাগিচায় বুলবুলি তুই'**। নবপর্যায় মাসিক 'সওগাত' প্রকাশিত।

১৯২৭ 'মুসলিম সাহিত্য সমাজ'-এর বার্ষিক অধিবেশনে আমন্ত্রিত হয়ে ঢাকা সফর। ঢাকা থেকে 'মুসলিম সাহিত্য সমাজ'-এর বার্ষিক মুখপত্র 'শিখা' প্রকাশিত। ঢাকা থেকে 'প্রগতি' প্রকাশিত। কলকাতা থেকে মাসিক 'নওরোজ' প্রকাশিত। 'মাসিক মোহাম্মদী' প্রকাশিত। নজরুল এসব পত্রিকার নিয়মিত লেখক।

১৯২৮ মাতার মৃত্যু। বর্মণ পাবলিশিং হাউস ও ডি, এম, লাইব্রেরী থেকে কবির শ্রেষ্ঠ কবিতাসংগ্রহ **'সঞ্চিতা'**-র দুটি স্বতন্ত্র সংস্করণ প্রকাশিত।

১৯২৯ কলকাতার 'এ্যালবার্ট' হলে সমগ্র বাঙালি জাতির পক্ষ থেকে 'জাতীয় কবি' রূপে সংবর্ধনা। সভাপতি : আচার্য প্রফুল্লচন্দ্র রায় (১৮৬১-১৯৪৪)। অভ্যর্থনা সমিতির সভাপতি : এস ওয়াজেদ আলী (১৮৭৯-১৯৫৪)। কবির তৃতীয় পুত্র কাজী সব্যসাচীর জন্ম (মৃত্যু ১৯৭৯)। মন্মথ রায়ের 'মহুয়া' নাটকের গান রচনা ও ব্যাপক লোকপ্রিয়তা।

১৯৩০ বুলবুলের মৃত্যু ৮ই মে। **'প্রলয়-শিখা' ও 'চন্দ্রবিন্দু'** কবিতাগ্রন্থ প্রকাশিত ও সাথে সাথেই বাজেয়াপ্ত। মন্মথ রায়ের 'কারাগার' নাটকের একগুচ্ছ সংগীত রচনা করেন। স্বনির্বাচিত সংগীতসংগ্রহ **'নজরুল-গীতিকা'** প্রকাশিত।

১৯৩১ ২১শে ফেব্রুয়ারি 'ম্যাডাম থিয়েটার্স লিমিটেড' এ 'সুরভান্ডারী' নিযুক্ত। নজরুলের ছয় মাসের কারাদন্ডাদেশ, শেষ-পর্যন্ত এই কারাদন্ডাদেশ কার্যকর হয়নি। কনিষ্ঠ পুত্র কাজী অনিরুদ্ধের জন্ম (মৃত্যু ১৯৭৪)।

১৯৩২ সিরাজগঞ্জে বঙ্গীয় মুসলিম তরুণ সম্মেলনে সভাপতিত্ব।

১৯৩৩ ৩রা ডিসেম্বর পাইওনিয়ার কোম্পানির ফিল্ম ডিরেক্টর হিশেবে চুক্তিবদ্ধ। এইচ. এম. ভি রেকর্ড কোম্পানি থেকে **'পুতুলের বিয়ে'** নাটিকা প্রকাশিত। 'বুলবুল' পত্রিকা প্রকাশিত। যোগেশ চৌধুরীর 'মীরাবাঈ' রেকর্ড-নাট্যে নজরুল-রচিত গান।

১৯৩৪ ১লা জানুয়ারী 'ধ্রুব' ছায়াছবি মুক্তিপ্রাপ্ত। এই চলচ্চিত্রে কবি নারদের ভুমিকায় অভিনয় করেন। মূলত ছিলেন সংগীত-পরিচালক। গ্রামোফোন রেকর্ডের দোকান 'কল-গীতি' স্থাপন।

১৯৩৫ নজরুল রচিত **'বিয়ে-বাড়ী'** রেকর্ড নাটিকা প্রকাশিত। রেকর্ডে নজরুলের নকশা **'ভ্যাবাকান্ত'**।

১৯৩৬ এইচ. এম. ভি থেকে **'বিদ্যাপতি'** ও **'ঈদুল ফিতর'** রেকর্ড নাটিকা প্রকাশিত।

১৯৩৭ কলকাতা বেতারকেন্দ্রের সঙ্গে যুক্ত হলেন কবি। অসুস্থতার আগে পর্যন্ত যুক্ত থাকেন।

১৯৩৮ নজরুল রচিত **'দেবীস্তুতি'** বেতারে সম্প্রচার। নজরুল কাহিনী অবলম্বনে **'বিদ্যাপতি'** চলচ্চিত্র ২রা এপ্রিল 'চিত্রা' প্রেক্ষাগৃহে মুক্তি লাভ করে। এইচ. এম. ভি রেকর্ড থেকে রেকর্ড নাটিকা **'জন্মাষ্টমী'** প্রকাশিত। রবীন্দ্রনাথের 'গোরা' ছায়াছবিতে সংগীত পরিচালনা।

১৯৩৯ এইচ. এম. ভি রেকর্ড থেকে নজরুল-রচিত **'পুরনো বলদ নতুন বউ'** এবং **'আল্লার রহম'** নাটক দুটি প্রকাশিত। কবি-রচিত **'বিজয়া'** ও **'হরপ্রিয়া'** বেতারে সম্প্রচার।

১৯৪০ **'নবরাগমালিকা'** নামে নজরুল-সৃষ্ট নতুন রাগ-রাগিনী সংবলিত অনুষ্ঠান সম্প্রচার। আকাশবানী থেকে ছোটদের **'জাগো সুন্দর চির কিশোর'** নাটক সম্প্রচারিত। **'বনের বেদে'** রেকর্ড নাটিকা প্রকাশিত। বেতারের ত্রয়োদশ প্রতিষ্ঠা বার্ষিকীতে প্রচারিত হয় নজরুল-রচিত গীতিচিত্র 'আকাশবানী'।

১৯৪১ 'নবযুগ'-এর প্রধান সম্পাদক হিসেবে যোগদান। ৫ ও ৬ই এপ্রিল 'বঙ্গীয়(মুসলমান-সাহিত্য-সমিতির'র রজত জয়ন্তী অনুষ্ঠানে সভাপতিত্ব। এইচ. এম. ভি রেকর্ড থেকে নজরুল-রচিত **'বিলাতী ঘোড়ার বাচ্চা'** ও **'বাঙালির ঘরে হিন্দি গান'** কৌতুক নাটিকাদ্বয় প্রকাশিত।

১৯৪২ হিন্দি 'চৌরঙ্গী' ছায়াছবিতে গীত রচনা। বাংলা 'চৌরঙ্গী' ছবিতে সংগীত পরিচালক। অসুস্থ ও ক্রমশ বাকশক্তিরহিত। লুম্বিনী পার্ক ও রাঁচির মানসিক হাসপাতালে ব্যর্থ চিকিৎসা।

১৯৪৩ কলকাতা বিশ্ববিদ্যালয়-কর্তৃক 'জগত্তারিণী স্বর্ণপদক' প্রদান।

১৯৪৪ কবি সম্পর্কিত প্রথম গ্রন্থ কাজী আবদুল ওদুদ (১৮৯৪-১৯৭০)-এর **'নজরুল প্রতিভা'** প্রকাশিত।

১৯৪৫ ইংল্যান্ড ও জার্মানিতে ব্যর্থ চিকিৎসা - ১০ই মে থেকে ১৫ই ডিসেম্বর দেশের বাহিরে অবস্থান।

১৯৬০ ভারত সরকার-কর্তৃক 'পদ্মভূষণ' উপাদি দান।

১৯৬৬ নজরুল-রচনাবলী প্রথম খন্ড প্রকাশিত হলো। কবির মৃত্যুর পরে ১৯৮৪ সালে প্রাথমিকভাবে সমগ্র নজরুল-রচনা সংকলন সম্পুর্ণ হয়। এই রচনাবলী-র সম্পাদক আবদুল কাদির (১৯০৬-১৯৮৪) দশ বছর পরে (১৯৯৩) নজরুল-রচনাবলী নতুনভাবে চার খন্ডে পুনঃসম্পাদিত হয় নয়জনের একটি সম্পাদনা-পরিষদ-কর্তৃক - এই সম্পাদনামন্ডলীর সভাপতি আনিসুজ্জামান।

১৯৬৯ রবীন্দ্রভারতী বিশ্ববিদ্যালয়-কর্তৃক সন্মানসূচক ডি. লিট. উপাধি প্রদান।

১৯৭২ ২৪শে মে বাংলাদেশ সরকারের আমন্ত্রণে জ্যেষ্ঠ পুত্রবধু উমা কাজী ও অন্যান আত্মীয়স্বজন সমেত বাংলাদেশে আনীত।

১৯৭৪ ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃক ডি. লিট. উপাদি প্রধান।

১৯৭৬ বাংলাদেশ সরকার-কর্তৃক 'নাগরিকত্ব' ও একুশে ফেব্রুয়ারি স্বর্ণপদক' দান। মৃত্যু : সকাল এগারোটা, ২৯শে আগষ্ট, ১২ই ভাদ্র ১৩৮৩, রোববার। পি. জি. হাসপাতাল, ঢাকা। কবির পূর্ব ইচ্ছানুযায়ী সেদিনই সর্বোচ্চ রাষ্ট্রীয় সন্মানের সঙ্গে ঢাকা বিশ্ববিদ্যালয়ে মসজিদ সংলগ্ন গোরস্থানে সমাহিত করা হয়।

ও (৩৩) ১ ৪৩ ৬৪ ২২ ৭৬, (৩৩) ০৬ ১৩ ৬২ ২৮ ৭৫.